



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/22/2020

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

**গভর্নর কুওমো এবং গভর্নর হোগান পরবর্তী COVID-19 ত্রাণ প্যাকেজে 500 বিলিয়ন মার্কিন ডলারের  
রাষ্ট্রীয় স্থিতিশীলতা তহবিল পাস করার জন্য কংগ্রেসের প্রতি আহ্বান জানিয়েছেন**

"চার মাস ধরে গভর্নররা আমেরিকায় করোনাভাইরাসের মোকাবেলায় নেতৃত্ব দিয়ে চলেছে - কার্যকর টেস্টিং কর্মসূচী বাস্তবায়নের মাধ্যমে এবং সামাজিকভাবে দায়িত্বশীল কিন্তু অর্থনৈতিকভাবে মারাত্মক স্কুল এবং ব্যবসা বন্ধ করে দেওয়ার মাধ্যমে।

বৈশ্বিক মহামারী থেকে রক্ষা করতে স্টেটগুলো আমাদের অর্থনীতির কিছু অংশ বন্ধ করে দিয়েছে। এর ফলে স্টেটের বাজেটে শত শত বিলিয়ন ডলারের মারাত্মক ক্ষতি হয়েছে। দ্রুত অর্থনৈতিক মন্দা দেশের কোন অঞ্চলকেই ছাড় দেয়নি এবং এর স্টেট কর্তৃক বাসিন্দাদের গুরুত্বপূর্ণ চাহিদা ও সেবা সরবরাহের প্রতিটি দিককে ক্ষতিগ্রস্ত করেছে। ক্রমাগত মহামারী মোকাবেলায় স্টেটগুলিকে সমর্থন করার জন্য, 500 বিলিয়ন মার্কিন ডলারের রাষ্ট্রীয় স্থিতিশীলতা তহবিলকে সিনেটের যেকোন COVID-19 ত্রাণ প্যাকেজে অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে।

এই লড়াইয়ের রণক্ষেত্র হচ্ছে স্টেটগুলি। আমরা জননিরাপত্তা, শিক্ষা, স্বাস্থ্যসেবা, খাদ্য সহায়তা, স্থানীয় সাহায্য এবং পরিবহনের মত গুরুত্বপূর্ণ সেবাসমূহ প্রদান করি যার উপর আমেরিকানরা নির্ভরশীল। আমরা সারা দেশে 20 মিলিয়নের বেশি লোক নিয়োগ করি। এবং তারপরেও, COVID-19 এর বিরুদ্ধে লড়াইয়ের সরাসরি ফলাফল হিসেবে স্টেটগুলোকে যে সরাসরি অর্থনৈতিক ক্ষতির সম্মুখীন হতে হয়েছে তাতে সাহায্য করার জন্য চারটি ত্রাণ প্যাকেজ থেকে 3 ট্রিলিয়ন মার্কিন ডলার সাহায্যের মধ্যে, রাষ্ট্রীয় বাজেট স্থিতিশীল করার জন্য কোন অবাধ ফেডারেল সমর্থন নেই।

আইন অনুযায়ী, গভর্নরদের প্রতি বছর আমাদের বাজেটের ভারসাম্য বজায় রাখতে হয়। মহামারীর অর্থনৈতিক শাটডাউন এবং সংশ্লিষ্ট কর হ্রাসের সরাসরি ফলাফলে অর্থনৈতিক কর্মকাণ্ডের দ্রুত পতনের কারণে, স্টেটের বাজেট বিপর্যস্ত হয়ে পড়েছে। গভর্নররা ইতোমধ্যে বাজেট হ্রাস করেছেন এবং আমাদের 1.5 মিলিয়ন কর্মীর বেতন কমিয়ে দিয়েছেন, কিন্তু সিনেটের পদক্ষেপ ছাড়া, আমাদের আরো কঠোর কাটছাঁট করতে হবে এবং বেতন আরো কমাতে হবে, ঠিক যে সময়ে এই সেবাগুলোর সবচেয়ে বেশি প্রয়োজন।

যখন স্টেটগুলো আবার খুলছে, আমরা আমাদের শিক্ষক, অগ্নিনির্বাপক কর্মী, স্বাস্থ্যসেবা এবং প্রথম সারির কর্মীদের বেতন প্রদান করা রাষ্ট্রীয় কর্মসূচী কমানোর মাধ্যমে আমাদের অর্থনৈতিক পুনরুদ্ধারপ্রচেষ্টাকে বাধাগ্রস্ত করতে পারবো না। আমাদের অর্থনীতিকে রক্ষা করতে এবং পুনরুদ্ধার অব্যাহত রাখতে, কংগ্রেসকে অবশ্যই 500 বিলিয়ন মার্কিন ডলার অবাধ সহায়তা প্রদান করতে হবে এবং ফেডারেল চিকিৎসা সহায়তা শতাংশ 12% বৃদ্ধি করতে হবে।

আমাদের এখন সিনেটের শক্তিশালী সমর্থন প্রয়োজন, যাতে আমরা একসাথে এই ভাইরাসের বিরুদ্ধে লড়াই করতে পারি এবং অর্থনৈতিক পুনরুদ্ধারকে বাস্তবে পরিণত করতে পারি।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবন্ধাইব করুন](#)